

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৪৬.১৭. ১৮৫

তারিখ : ১৮/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয় : রিক্রুটিং এজেন্সি মেসার্স আকাশ ভ্রমণ (আর.এল-৩৮৪)-এর অনুকূলে সৌদি আরবের নিয়োগকর্তা **Esad Manpower Services Company.** -এর অধীনে **Housemaid**-পদে ২১৭ (দুইশত সতের) জন মহিলা গৃহকর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স আকাশ ভ্রমণ (আর.এল-৩৮৪)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের **Esad Manpower Services Company.** -এর অধীনে **Housemaid**-পদে ২১৭ (দুইশত সতের) জন মহিলা গৃহকর্মীর নিয়োগানুমতি নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন(মাসিক)	অন্যান্য সুবিধাদি
Esad Manpower Services Company	Housemaid	২১৭ (দুই শত সতের) জন	৮০০+২০০ (ওভারটাইমসহ) সৌদি রিয়াল	কর্মঘন্টা- ৮ ঘন্টা; চুক্তির মেয়াদ- ০২ বৎসর মেয়াদ; বিমান ভাড়া-উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- সকল মহিলা গৃহকর্মী নিয়োগে STANDARD EMPLOYMENT CONTRACT-এর শর্তাবলী অনুসরণ করতে হবে।
- মহিলা কর্মীর বয়স ২৫-৪৫ বৎসর হতে হবে।
- মেগা কোম্পানী ও অনুমোদিত রিক্রুটিং এজেন্সির মাধ্যমে মুসানৈদ পদ্ধতি ব্যতিত অপর কোন স্বতন্ত্র ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ভিসার প্রেক্ষিতে সৌদি আরবে মহিলা গৃহকর্মী প্রেরণের ছাড়পত্র দেয়া হবে না।
- ৩০ (ত্রিশ) দিনের আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক হবে।
- উভয় দেশের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী বাংলাদেশ দূতাবাস কর্তৃক ভিসা সত্যায়ন প্রয়োজন হবে না।
- ভিসা স্ট্যাম্পিং এর পূর্বেই যথাপ্রযোজ্য ক্ষেত্রে 'মুসানৈদ এবং মেগা কোম্পানির কর্মসংস্থান চুক্তি'র এক কপি রিক্রুটিং এজেন্সি মহিলা কর্মীকে প্রদান করবে।
- মুসানৈদ সিস্টেমে 'ডিমান্ড লেটার' প্রদর্শিত থাকলে বহির্গমন ছাড়পত্রের জন্য 'ডিমান্ড লেটার' প্রয়োজন হবে না।
- ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প মহিলা গৃহকর্মীর আইনানুগ অভিভাবকের অনাপত্তি সংক্রান্ত অঙ্গীকারনামা লাগবে (স্বামী, স্বামী না থাকলে পিতা, পিতা না থাকলে মাতা, মাতা না থাকলে সহোদর ভ্রাতা, ভ্রাতা না থাকলে শ্বশুর এভাবে আইনানুগ নিকট আত্মীয় অনাপত্তি পত্রে স্বাক্ষর করবেন)।
- মহিলা গৃহকর্মীদের নিয়োগের দুই বছর পর্যন্ত দায়-দায়িত্বের নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে উক্ত রিক্রুটিং এজেন্সিকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- মহিলা গৃহকর্মীদের নিয়োগে জঙ্গী তৎপরতার সাথে সম্পৃক্ত নয় মর্মে ইউ, পি, চেয়ারম্যান/মেম্বার কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র রিক্রুটিং এজেন্সিকে দাখিল করতে হবে।
- মেগা কোম্পানির ক্ষেত্রে বিএমইটি মহিলা গৃহকর্মীর বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে 'ভিসা ডেলিগেশন কপি' (ওকাল) যাচাই করবে।
- মহিলা গৃহকর্মীদের বিস্তারিত ট্রাভেল প্ল্যান যাত্রার পূর্বেই রিয়াদ/জেদ্দাহ বাংলাদেশ শ্রম উইং-কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।

- (ঢ) গৃহকর্মীদের রাত ৯.০০ হতে ভোর ৬.০০ টা পর্যন্ত দৈনিক নয় ঘন্টা বিশ্রাম নিশ্চিত করতে হবে।
- (ণ) দূতাবাসের অনুরোধের প্রেক্ষিতে ২৪ ঘন্টার মধ্যে গৃহকর্মীকে গৃহকর্তার বাসা হতে প্রত্যাহার করে নিরাপদ হেফাজতে আনতে হবে।
- (ত) মন্ত্রণালয়ে দাখিলকৃত মুচলোচা মোতাবেক পত্র জারীর পর হতে ৩০ কার্যদিবসের মধ্যে সংশোধিত Employment Contract মন্ত্রণালয়ে জমা দিতে হবে যা বিএমইটি নিশ্চিত করবে।

০২। উল্লিখিত ২১৭ (দুই শত) জনের অধিক মহিলা গৃহকর্মীর বহির্গমন ছাড়পত্র প্রদান করা যাবে না। বিএমইটি বহির্গমন ছাড়পত্র প্রদানের পর এবং রিক্রুটিং এজেন্সি কর্মীর নিয়োগ সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করবে।



(মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর)
উপসচিব
ফোন-৯৩৫৭২৮৪

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,
ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৪৬.১৭. ১৮/০৬/১৭

তারিখঃ ১৮/০৬/২০১৭ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
- সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- স্বত্বাধিকারী, মেসার্স আকাশ ভ্রমণ (আর.এল-৩৮৪), ১১৭/২-৩, ডি. আই. টি. এক্সটেনশন রোড, ফকিরাপুল, ঢাকা-১০০০।



১৮/০৬/১৭
(মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর)
উপসচিব